রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ১৭, ২০২৩

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৮ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ/০১ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও নং ২৬-আইন/২০২৩।**—বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ১২ নং আইন) এর ধারা ৩০ এ প্রদত্ত ক্ষমতাবলে, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, সরকারের অনুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই প্রবিধানমালা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (পরিদর্শন এবং তথ্য সংগ্রহ) প্রবিধানমালা, ২০২৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

(ক) **‘কর্তৃপক্ষ’** অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ১২ নং আইন) এর ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;

(খ) **‘ফরম’** অর্থ এই প্রবিধানমালার ফরম; এবং

(গ) **‘শাখা কার্যালয়’** অর্থ বীমাকারী কর্তৃক নিয়োজিত এক বা একাধিক বেতনভুক্ত ব্যক্তি কাজ করে এইরূপ স্থান।

(২) এই প্রবিধানমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ১২ নং আইন) এবং বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন) এ যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **পরিদর্শন পদ্ধতি।**—(১) কর্তৃপক্ষ, সময় সময়, ফরম অনুযায়ী লিখিত নোটিশের মাধ্যমে এক বা একাধিক কর্মকর্তা সমন্বয়ে পরিদর্শন দল গঠন করিতে পারিবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন গঠিত পরিদর্শন দল কোনো বীমাকারী বা উহার যেকোনো শাখা কার্যালয়ের (বাংলাদেশ বা বাংলাদেশের বাহিরে অবস্থিত) ব্যবসা কার্যক্রম সম্পর্কিত নিম্নবর্ণিত বই, হিসাব, দলিল ও লেনদেনসমূহ পরিদর্শন করিতে পারিবে, যথা :—

(ক) বীমা পলিসি রেজিস্টার;

(খ) দাবি রেজিস্টার;

(গ) প্রিমিয়াম রেজিস্টার;

(ঘ) পুনঃবীমা রেজিস্টার;

(ঙ) বীমা দাবি অবহিতকরণ রেজিস্টার;

(চ) বীমা দাবি নিষ্পত্তির রেজিস্টার;

(ছ) ব্যাংক রেজিস্টার;

(জ) নগদান বই;

(ঝ) বেতন ও সম্মানি রেজিস্টার এবং নিয়োগ ও চুক্তিপত্র;

(ঞ) বীমা এজেন্ট বা ব্রোকার কমিশন সংক্রান্ত রেজিস্টার;

(ট) পরিচালনা পর্ষদ সভার কার্যবিবরণী;

(ঠ) বীমাকারীর চাকরি বিধি বা প্রবিধান, সাংগঠনিক কাঠামো বা মানব সম্পদ ব্যবস্থাপনা সংক্রান্ত তথ্য;

(ড) বীমাকারীর যেকোনো আয়-ব্যয় সংক্রান্ত বিল-ভাউচার;

(ঢ) বীমাকারীর কার্যালয়ে রক্ষিত যেকোনো রেকর্ড-নথি বা ইলেকট্রনিক রেকর্ড বা উভয়ই;

(ণ) ই-সেবা বা ই-ব্যবস্থাপনায় ব্যবহৃত নথি বা ই-নথি;

(ত) বীমাকারীর অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা সম্পর্কিত নথিপত্র;

(থ) সরকারি রাজস্ব সম্পর্কিত তথ্য;

(দ) নিরীক্ষিত বা অনিরীক্ষিত আর্থিক বিবরণী;

(ধ) সম্পদের ব্যবহার, বিনিয়োগ বা ব্যবস্থাপনা সম্পর্কিত তথ্য; এবং

(ন) সুষ্ঠু পরিদর্শনের প্রয়োজনে পরিদর্শন কার্য পরিচালনাকারী কর্মকর্তা কর্তৃক বীমাকারী বা উহার যেকোনো শাখা কার্যালয়ের নিকট চাহিত অন্য যেকোনো বই, হিসাব, দলিল ও লেনদেনসমূহ।

(৩) উপ-প্রবিধান (১) এর অধীন গঠিত পরিদর্শন দলের চাহিদা মোতাবেক ও তৎকর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট বীমাকারী বা উহার শাখা কার্যালয়ের পরিচালক, কর্মকর্তা বা প্রতিনিধিকে সংশ্লিষ্ট বই, হিসাব, দলিল ও লেনদেনসমূহ প্রদর্শন এবং এতদ্‌সংশ্লিষ্ট যেকোনো তথ্য প্রদান করিতে হইবে।

(৪) উপ-প্রবিধান (১) এর অধীন গঠিত পরিদর্শন দল সংশ্লিষ্ট বীমাকারী বা উহার শাখা কার্যালয়ের পরিচালক, কর্মকর্তা বা প্রতিনিধিকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবে বা চাহিত তথ্যসহ তাহার সম্মুখে উপস্থিত হইতে নির্দেশ প্রদান করিতে পারিবে।

(৫) পরিদর্শন দল প্রয়োজনে, এ্যাকচুয়ারি, আইন, আইটি বা অন্যান্য বিশেষজ্ঞের মতামত গ্রহণ করিতে পারিবে।

(৬) পরিদর্শন দল নির্ধারিত সময়ের মধ্যে পরিদর্শন কার্য সম্পন্ন করিয়া উক্ত বিষয়ে কর্তৃপক্ষের নিকট স্বাক্ষরিত লিখিত প্রতিবেদন দাখিল করিবে।

(৭) পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনাপূর্বক কর্তৃপক্ষের নিকট অধিকতর কোনো বই, হিসাব, দলিল, লেনদেনসমূহ বা ব্যাখ্যার প্রয়োজনীয়তা পরিলক্ষিত হইলে, উহা সংশ্লিষ্ট পরিচালক, কর্মকর্তা বা প্রতিনিধির নিকট চাহিতে পারিবে এবং নোটিশে নির্ধারিত সময়ের মধ্যে সরবরাহ করিতে হইবে।

**ফরম**

**[প্রবিধান ২ এর দফা (খ) ও প্রবিধান ৩ এর উপ-প্রবিধান (১) দ্রষ্টব্য]**

**বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ**

**শাখা কার্যালয় পরিদর্শন সংক্রান্ত নোটিশ**

স্মারক নং- তারিখ :

**বিষয় : শাখা কার্যালয় পরিদর্শন।**

বীমা আইন, ২০১০ এর ধারা ৪৯ এর বিধান মোতাবেক বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক শাখা কার্যালয় (....................) পরিদর্শনের নিমিত্ত কর্তৃপক্ষ কর্তৃক নিম্নবর্ণিত এক বা একাধিক কর্মকর্তার সমন্বয়ে পরিদর্শন দল গঠন করা হইল, যথা :—

| ক্রমিক নম্বর | নাম ও পদবি | দলের পদবি |
|---|---|---|
| | | |
| | | |

(ক) পরিদর্শন দলের কর্মপরিধি :......................................................................

..........................................................................................................

...........................................................................................; এবং

(খ) পরিদর্শন দল সংশ্লিষ্ট কার্যক্রম পরিদর্শনপূর্বক............... কার্যদিবসের মধ্যে কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন দাখিল করিবে।

এমতাবস্থায়, পরিদর্শন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করিবার জন্য উক্ত পরিদর্শন দলকে সর্বাত্মক সহযোগিতা প্রদানে নির্দেশক্রমে অনুরোধ করা হইল।

**নির্বাহী পরিচালক/পরিচালকের**
**স্বাক্ষর, নাম ও তারিখ**

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১।

২।

৩।

৪।

৫।

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের আদেশক্রমে

**মোহাম্মদ জয়নুল বারী**
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd